১৪ আগস্ট, ২০২৫

# রাজধানীর ভাটারা থানার পুলিশের হাতে ফের গ্রেফতার আলোচিত টিকটকার প্রিন্স মামুন



সংগৃহীত ছবি

ফের গ্রেপ্তার হয়েছেন টিকটকার প্রিন্স মামুন ওরফে আব্দুল্লাহ আল মামুন। বৃহস্পতিবার (১৪ আগস্ট) রাজধানীর ভাটারা থানা পুলিশ আদালতের জারি করা ওয়ারেন্টের ভিত্তিতে তাকে গ্রেপ্তার করে। বিষয়টি নিশ্চিত করেছেন ভাটারা থানার অফিসার ইনচার্জ মো. রাকিবুল হাসান।তবে তাকে কোন মামলায় গ্রেফতার করা হয়েছে তা নিশ্চিত করা যায়নি।

এর আগে, গত বছরের জুনে রাজধানীর ক্যান্টনমেন্ট থানায় লায়লা আখতার ওরফে ব্লু ফেরি লায়লা এর দায়ের করা ধর্ষণ মামলায় প্রিন্স মামুনকে গ্রেপ্তার করা হয়। তবে পরবর্তীতে ট্রাইব্যুনাল মামলাটি খারিজ করে দেয়। এছাড়া, সাইবার নিরাপত্তা আইনে অনলাইনে মিথ্যা, বিভ্রান্তিকর ও মানহানিকর তথ্য প্রচারের অভিযোগেও লায়লা তার বিরুদ্ধে মামলা করেছিলেন।

গত ১৩ জুলাই ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক নুরে আলম এই মামলার আবেদন খারিজের আদেশ দেন। ট্রাইব্যুনালের বেঞ্চ সহকারী জুয়েল মিয়া জানান, পূর্বের ‘সাইবার নিরাপত্তা আইন’ বাতিল করে নতুন ‘সাইবার সুরক্ষা অধ্যাদেশ’ জারি করা হয়েছে। নতুন আইনটিতে অভিযোগ সংশ্লিষ্ট কোনো ধারা না থাকায় আদালত মামলাটি খারিজ করে দেন।

এ প্রসঙ্গে লায়লা দেশের এক শীর্ষস্থানীয় সংবাদ মাধ্যমকে জানান,“মামুন গ্রেপ্তার হয়েছেন—এটা সত্য। তবে কোন মামলায় গ্রেপ্তার হয়েছেন, তা নিশ্চিত নই। তার বিরুদ্ধে একাধিক মামলা চলমান রয়েছে।”

LENS ASIA